



শাহাদাতবার্ষিকীতে জিয়ার সমাধিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে রাজধানীর জিয়া উদ্যানে তাঁর সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসনের দায়িত্বপ্রাপ্ত নেতা তারেক রহমান।

শনিবার (৩০ মে) সকাল ১১টার দিকে তিনি প্রথমে জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে তাঁর নেতৃত্বে বিএনপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ এবং বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা সমাধিস্থলে শ্রদ্ধা নিবেদন করেন।

শ্রদ্ধা নিবেদন শেষে মাজার প্রাঙ্গণে জাতীয়তাবাদী ওলামা দলের উদ্যোগে বিশেষ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। সেখানে জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দীন আহমদ, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান, প্রধানমন্ত্রীর রাজনৈতিক ও শিল্পবিষয়ক উপদেষ্টা এবং বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, ঢাকা-৩ আসনের সংসদ সদস্য গয়েশ্বর চন্দ্র রায়, স্বাস্থ্যমন্ত্রী সাখাওয়াত হোসেন বকুল, মহিলা ও শিশুবিষয়কমন্ত্রী ডা. জাহিদ হোসেন এবং ডিএসসিসির প্রশাসক আব্দুস সালামসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতারা।

অন্যদিকে, মাজারে শ্রদ্ধা নিবেদনের আনুষ্ঠানিকতা শেষে রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ের টি অ্যান্ড টি খেলার মাঠসংলগ্ন এলাকায় অসহায় ও নিম্নআয়ের মানুষের মাঝে খাদ্যসামগ্রী ও বস্ত্র বিতরণ কর্মসূচিতে অংশ নেন প্রধানমন্ত্রী তারেক রহমান।